ইডিপাস উপাখ্যানের সারাংশ

GRONTHOK - 29.4.23

গ্রিক নাট্যকার সফোক্লিসের (Sophocles) বিখ্যাত ইডিপাস ট্রিলজির প্রথম নাটক **ইডিপাস রেক্স**। যেখানে ভবিতব্যের অনিবার্যতা তুলে ধরা হয়েছে ইডিপাসের জীবনকাহিনীর মধ্য দিয়ে। যে কাহিনীর সাথে জড়িয়েছে সাইকো এনালাইসিসের অন্যতম বিতর্কিত এবং কৌতূহলোদ্দীপক তত্ত্ব 'ইডিপাস কমপ্লেক্স'। ইডিপাস কমপ্লেক্স সম্বন্ধে আলোচনা করার আগে তাই ইডিপাসের কাহিনীটা যেনে নিতেই হয়।

ইডিপাস রেক্স (Oedipus Rex):

থেবস (Thebes) অঞ্চলের রাজা **ইডিপাস (Oedipus)**। তার পিতা কর্নিথের (Cornith) রাজা **পলিবস (Polybos)** এবং মাতা মেরোপ (Merope)। ইডিপাসের স্ত্রী হলেন থেবসের পূর্ব রাজা লায়োসের (Laios) বিধবা, রাণী **জোকাস্টা (Jocasta/Iokaste)**। রাণী জোকাস্টার ভাই **ক্রেয়ন (KREON)** যিনি ইডিপাসের একজন ভালো বন্ধু।

ইডিপাসের পূর্বে থেবস রাজ্যের রাজা ছিলেন লায়োস। লায়োস এবং জোকাস্টা দম্পতি এক পুত্র সন্তানের জন্মদান করেন। তখন এক জ্যোতিষী লায়োসকে ভবিষ্যদ্বাণী করেন যে, তিনি তার পুত্রের হাতে নিহত হবেন। এই ভবিষ্যদ্বাণী শুনে জোকাস্টা সেই পুত্রকে রাজ্যের এক রাখালের কাছে দিয়ে দেন তাকে ফেলে দেয়ার জন্য। তার আগে সেই শিশুপুত্রের পায়ে শূলবিদ্ধ করা হয়।

তারও অনেক পরে একদিন একদল দস্যু রাজা লায়োসকে হত্যা করে। রাজা লায়োসের সাথে থাকা অন্য পাঁচজনের মধ্যে একজন ছিল সেই রাখাল যার হাতে জোকাস্টা তার এবং রাজা লায়োসের পুত্রকে তুলে দিয়েছিলেন। সেদিন ঐ রাখাল রাখাল পালিয়ে বাঁচতে সফল হয় এবং সেই রাখালই সকলকে এই সম্পূর্ণ বিষয়ে অবগত করে।

এরপরেই রাজ্যে ইডিপাসের আগমণ হয়। ইডিপাস **স্ফিংক্স** নামক এক জন্তুকে পরাজিত করে থেবসবাসীদের রক্ষা করে। তখন রাণী জোকাস্টা ও ইডিপাসের বিবাহ সম্পন্ন হয় আর ইডিপাস থেবসের রাজা হন।

একসময় রাজ্যে প্লেগ রোগ ছড়িয়ে পড়ায় রাজা ইডিপাস ক্রেয়নকে **এপোলো (Apollo)** দেবতার মন্দিরে পাঠান এর প্রতিকার জানার জন্য। ক্রেয়ন এপোলোর মন্দির থেকে ফিরে এসে জানান থেবসের পূর্ব রাজা লায়োস কে যে হত্যা করেছিল সে এই রাজ্যেই বসবাস করছে। তাকে এখান থেকে বিতাড়িত করলেই এই রোগের সমাধান হবে।

ইডিপাস তৎক্ষণাৎ এবিষয়ে তৎপর হন এবং রাজা লায়োসের খুনী সম্বন্ধে কেউ কোনকিছু জেনে থাকলে তা প্রকাশ করতে আদেশ করেন। এই ঘটনার মধ্যে সেখানে উপস্থিত হন **টেয়ারেসিয়াস (Teiresias)** নামক এক জ্যোতিষী যিনি সর্বজ্ঞ হিসেবে পরিচিত ছিলেন। টেয়ারেসিয়াসের সাথে বার্তালাপের এক পর্যায়ে টেয়ারেসিয়াস এবং ইডিপাসের মধ্যে বাক-বিতন্ডা শুরু হয়। এক পর্যায়ে টেয়ারেসিয়াস বলেন যে, ইডিপাসই রাজা লায়োস-কে খুন করেছেন। এই কথা শুনে ইডিপাস ভীষণ রেগে যান এবং তিনি টেয়ারেসিয়াসকে শাস্তি দিতে উদ্যত হন। এক পর্যায়ে ইডিপাসের মনে হয় ক্রেয়ন তার বিরুদ্ধে ষড়যন্ত্র করে তাকে ক্ষমতাচ্যুত করার জন্য টেয়ারেসিয়াসকে এসব বলতে নিয়ে এসেছেন। তখন ইডিপাস ক্রেয়নকে মৃত্যুদন্ড দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন। এমন সময় জোকাস্টা সেখানে উপস্থিত হয়ে ইডিপাসকে শান্ত করেন। এরপর ইডিপাসের কাছ থেকে সকল ঘটনা শোনার পর জোকাস্টা এই বলে ইডিপাসকে শান্ত করেন যে, "কেউই ভবিষ্যতের কথা বলতে পারে না। একসময় রাজা লায়োসকেও কেউ ভবিষ্যদ্বাণী করেছিল যে তিনি তার পুত্রের দ্বারা নিহত হবেন। কিন্তু তুমি জানো যে রাজা লায়োস একটি তিন রাস্তার মোড়ে এক দস্যুদলের হাতে মারা যান। আর তার ছেলে মাত্র তিনদিন পৃথিবীতে বেঁচে ছিল।"

পরবর্তী কথোপকথনে উন্মোচিত হয় যে ইডিপাস থেবসে আসার সময় ঐ একই মোড়ে এক বৃদ্ধের সাথে তার ঝগড়া হয় এবং রাগের বশে সে ঐ বৃদ্ধ আর তার সঙ্গীদের হত্যা করে। তখন ইডিপাস সেই পালিয়ে বেঁচে যাওয়া রাখালকে তার সামনে হাজির হতে নির্দেশ দেয়। তারপর ইডিপাস জোকাস্টাকে একটি কাহিনী বলেন যার সারমর্ম এরকম যে কর্নিথে থাকার সময় একদিন এক মাতাল লোক

Topics

› NEWS & VIEWS
› Oedipus Complex
› Psychoanalysis
› Psychology
› Sophocles

ইডিপাসকে বলে যে তিনি রাজা পলিবসের নিজের ছেলে নন বরং দত্তক নেয়া ছেলে। ইডিপাস এ সম্বন্ধে তার বাবাকে জিজ্ঞেস করলে রাজা পলিবস বলেন যে, লোকটি মিথ্যা বলছে। তখন বিভ্রান্ত ইডিপাস এপোলোর মন্দিরে যান এবং সেখানে তিনি একটি দৈববাণী শুনতে পান যে তিনি (ইডিপাস) তার পিতাকে হত্যা করবেন এবং তার মাকে বিবাহ করবেন। এই দৈববাণী শুনে ভয় পেয়ে ইডিপাস সেই রাজ্য থেকে পালিয়ে আসেন।

এই বার্তালাপের সময় কর্নিথ রাজ্য থেকে একজন দূত এসে উপস্থিত হন। তিনি সংবাদ দেন যে রাজা পলিবস রোগাক্রান্ত হয়ে মারা গিয়েছেন এবং কর্নিথের লোকেরা চায় যে ইডিপাস তাদের রাজা হোন। এই খবর শুনে জোকাস্টা ইডিপাসকে বলেন,"দেখ তোমার পিতা রোগাক্রান্ত হয়ে মারা গিয়েছেন, কাজেই তুমি যে ভবিষ্যদ্বাণী শুনেছিলে তা মিথ্যা ছিল।"

এই কথা শুনে সেই দূত বলে যে ইডিপাস রাজা পলিবসের নিজের ছেলে নন। বরং সে নিজে যখন **কিথাইরন (Kithairon)** পাহাড়ে রাখাল ছিল তখন লায়োসের একজন রাখাল তার হাতে এক বাচ্চাকে তুলে দিয়েছিল। রাজা পলিবস নিঃসন্তান হওয়ায় তার কাছ থেকে সেই বাচ্চাকে দত্তক নেন। পায়ে **শূল বিদ্ধ হওয়ায় তার নাম রাখা হয় ইডিপাস**। পরবর্তীতে লায়োসের সেই রাখাল সেখানে আসলে সবাই এবিষয়ে নিশ্চিত হন যে ইডিপাসই লায়োসের সেই পুত্র যিনি তার পিতার মৃত্যুর কারণ হন এবং তার নিজের মাকে বিবাহ করেন। এসব ঘটনার পর রাণী জোকাস্টা আত্মহত্যা করেন। শোকাহত ইডিপাস তার চোখ উপড়ে ফেলেন এবং তার সন্তানদের ক্রেয়নের হাতে তুলে দিয়ে স্বেচ্ছায় দন্ড স্বীকার করে নেন।

Tags: Oedipus Complex, Psychoanalysis, Psychology, Sophocles

Facebook Twitter

< OLDER NEWER >

Posted by: GRONTHOK

You May Like These Posts

Social Plugin

Facebook Twitter Instagram YouTube

Popular Posts

ইডিপাস উপাখ্যানের সারাংশ
29.4.23

রুচির দুর্ভিক্ষ, হিরো আলম এবং সুশীল সমাজ
22.4.23

A Summary to the 'OEDIPUS REX'
6.5.23

Tags

NEWS & VIEWS Sophocles